সমকাল

তারিখ 17 AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# মুক্তিযুদ্ধের পরাজিত শক্তি জঙ্গিবাদে লিপ্ত : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের পরাজিত শক্তি এ দেশের স্বাধীনতা, উন্নতি ও সমৃদ্ধি কখনও মেনে নিতে পারেনি। তারাই বারবার দেশকে পিছিয়ে দিতে জঙ্গিবাদের মতো বিভিন্ন ধ্বংসাত্মক রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। এ অপশক্তিকে সমূলে নির্মূল করার জন্য মন্ত্রী ছাত্র-শিক্ষকসহ মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ দেশপ্রেমিক জনসাধারণের প্রতি আহ্বান জানান।

তিনি সোমবার জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) আয়োজিত আলোচনা সভায় বক্তৃতায় এ আহ্বান জানান।

বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলামের সভাপতিত্বে বুয়েট কেন্দ্রীয় মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানসহ অন্যরা।

**ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের নবীনবরণ :** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা মন্ত্রণালয় কারিগরি শিক্ষায় মেয়েদের অংশগ্রহণকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। গতকাল মঙ্গলবার ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অডিটোরিয়ামে আয়োজিত নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. ইঞ্জিনিয়ার লায়ন জিসি মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা সচিব মো. সোহরাব হোসেন, কারিগরি শিক্ষা বোর্ডের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, লায়ন্সের জেলা গভর্নর লায়ন এম কে বাশার প্রমুখ।